

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
আইন শাখা-১
পরিবহণ পুল ভবন (কক্ষ নং-৯১২)
সচিবালয় লিংক রোড, ঢাকা।

পত্র সংখ্যা-৫৭.০০.০০০০.০৪৬.০৪.১৫৩.১৯-০৫

তারিখঃ ১৭ পৌষ ১৪২৬ ব.
০১ জানুয়ারি ২০২০ খ্রি.

বিষয়ঃ রিট পিটিশন নং-১০০৫৩/২০১৯ মামলার বিষয়ে আইনানুগ পদক্ষেপ গ্রহণসহ গৃহীত ব্যবস্থা সম্পর্কে এ বিভাগকে অবহিতকরণ সংক্রান্ত।

সূত্রঃ মাননীয় উচ্চ আদালত হতে প্রাপ্ত রিট পিটিশন নং-১০০৫৩/২০১৯ মামলার রুলনিশি ও আর্জির কপি।


উপর্যুক্ত বিষয়ে সূত্রের মাধ্যমে মাননীয় উচ্চ আদালত হতে প্রাপ্ত রিট পিটিশন নং-১০০৫৩/২০১৯ মামলার বিবরণ নিম্নরূপঃ

রিট পিটিশন নং	পিটিশনার	রেসপনডেন্ট	মামলা দায়েরের কারণ/বিষয়
১০০৫৩/২০১৯	জনাব মোঃ আবু জাফর সিদ্দিক, পিতা- মৃত. জামাল উদ্দিন, গ্রাম-ধারাই, পোঃ মহিপুর বাজার, উপজেলা- সদুল্যাপুর, জেলা- গাইবান্ধা।	সচিব, টিএমইডি, ডিজি, ডিএমই ও আরো অন্যান্যসহ মোট ০৫ (পাঁচ) জন।	গাইবান্ধা জেলার সদুল্যাপুর উপজেলাধীন গিরিধারীপুর দ্বি-মুখী দাখিল মাদ্রাসার সুপার কর্তৃক তাঁর জুন/২০১৭ হতে জুন/২০১৮ পর্যন্ত সাময়িক বরখাস্তকালীন (১৩ মাসের) বকেয়া বেতন-ভাতাদি পাওয়ার জন্য গত ১৩/০৫/২০১৯ তারিখে (Annexure-F মূলে) ডিজি, ডিএমই বরাবর আবেদন করা হয়। উক্ত আবেদনের আলোকে প্রতিকার না পাওয়ায় উক্ত সুপার কর্তৃক ডিজি, ডিএমই বরাবর ১৩/০৫/২০১৯ তারিখে (Annexure-F মূলে) দাখিলকৃত আবেদনটি নিষ্পত্তি করার জন্য নির্দেশনা প্রদানের দাবীতে পিটিশনার জনাব মোঃ আবু জাফর সিদ্দিক কর্তৃক মাননীয় উচ্চ আদালতে রিট পিটিশন নং- ১০০৫৩/২০১৯ মামলা দায়ের করা হয়।

০২। উল্লেখ্য গত ২৯/১০/২০১৯ তারিখে মাননীয় আদালত কর্তৃক শুনানী অনিষ্পন্ন রেখে পিটিশনার কর্তৃক বকেয়া বেতন-ভাতাদি পাওয়ার জন্য গত ১৩/০৫/২০১৯ তারিখে দাখিলকৃত আবেদনটি নিষ্পত্তি করতে ব্যর্থ হওয়া কেন বেআইনী ঘোষণা করা হবেনা; এবং পিটিশনারের আবেদনটি যুক্তিসংগত সময়ের মধ্যে বিধি মোতাবেক নিষ্পত্তি করার জন্য কেন নির্দেশনা প্রদান করা হবে না; সে মর্মে ২৪/১১/২০১৯ তারিখ অথবা উক্ত তারিখের পূর্বে কারণ দর্শানোর জন্য প্রতিপক্ষগণের প্রতি নির্দেশনা প্রদান করা হয়। একইসাথে পিটিশনার কর্তৃক ১৩/০৫/২০১৯ তারিখে (Annexure-F মূলে) দাখিলকৃত আবেদনটি আদেশপ্রাপ্তির ৩০ (ত্রিশ) দিনের মধ্যে বিধি মোতাবেক নিষ্পত্তি করার জন্য ৩ নং রেসপনডেন্ট (ডিজি, ডিএমই)-কে নির্দেশনা দিয়ে এক অন্তর্বর্তীকালীন আদেশ দেয়া হয়।

০৩। উপরিউক্ত নির্দেশনামতে পিটিশনার কর্তৃক ১৩/০৫/২০১৯ তারিখে (Annexure-F মূলে) দাখিলকৃত আবেদনটি বিধি মোতাবেক নিষ্পত্তিকরতঃ নিষ্পত্তির বিষয়টি জবাবে উল্লেখপূর্বক মহামান্য হাইকোর্টে সরকার পক্ষে জবাব (Affidavit in Opposition) দাখিল করা হয়েছে কিনা? না হয়ে থাকলে জরুরিভিত্তিতে পিটিশনারের আবেদনটি নিষ্পত্তি করে মহামান্য আদালতে জবাব (Affidavit in Opposition) দাখিলের ব্যবস্থা গ্রহণক্রমে এ বিভাগকে অবহিত করা আবশ্যিক।

০৪। এমতাবস্থায়, রিট পিটিশন নং-১০০৫৩/২০১৯ মামলার ২৭/১০/২০১৯ তারিখের অন্তর্বর্তীকালীন আদেশ অনুযায়ী পিটিশনার কর্তৃক ১৩/০৫/২০১৯ তারিখে (Annexure-F মূলে) দাখিলকৃত আবেদনটি নিষ্পত্তিকরতঃ সরকার পক্ষে জবাব (Affidavit in Opposition) দাখিল হয়েছে কিনা হয়ে থাকলে এর হালনাগাদ তথ্যাদি, না হয়ে থাকলে জরুরিভিত্তিতে পিটিশনারের আবেদনটি নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণপূর্বক মহামান্য হাইকোর্টে জবাব (Affidavit in Opposition) দাখিলক্রমে আগামী ১৫/০১/২০২০ খ্রিঃ এর মধ্যে টিএমইডি-কে অবহিত করার জন্য (প্রমাণকসহ) নির্দেশক্রমে মহোদয়কে অনুরোধ করা হলো।


(মোঃ আঃ খালেদ মিঞা)
সিনিয়র সহকারী সচিব (আইন)
ফোন-৪১০৫০১৫৭।

মহাপরিচালক
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার, লেভেল-৩
৩৭/৩/এ, ইন্সটান গার্ডেন রোড, রমনা, ঢাকা।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে:

- ১। সচিব, মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ২। সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৩। অতিরিক্ত সচিব (মাদ্রাসা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৪। অতিরিক্ত সচিব (অডিট ও আইন) / উপসচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৫। অফিস কপি/মাস্টার কপি।